দৈনিক বাংলা

C79

তাং ২০/৪/৮০

পৃষ্ঠা ১

5

# আজ এসএসসি পরীক্ষা শুরু: ঢাকা বোর্ডে ৬৪ হাজার পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

আজ থেকে দেশের চারটি বোর্ডের ১৯৮০ সালের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত ১০৪টি পরীক্ষা কেন্দ্র হতে সর্বমোট ৬৩ হাজার ৯১৫ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ গ্রহণ করছেন। এর মধ্যে ৪৮ হাজার ৪০৪ জন পুরুষ ও ১৫ হাজার ৪৮১ জন মহিলা পরীক্ষার্থী। কলা বিভাগে ৩২ হাজার ৭৫১ জন, বিজ্ঞান বিভাগে ২০ হাজার জন বাণিজ্য বিভাগে ৬ হাজার ৩৬৩ জন, কৃষি বিজ্ঞান বিভাগে তিন হাজার ৯৮২ জন গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ৬২৭ জন শিল্পকলা বিভাগে ১৯১ জন পরীক্ষার্থী এবার অংশ নিচ্ছেন। ঢাকা মহানগরীতে পরীক্ষা উপ-কেন্দ্রের সংখ্যা ৩২।

এবছর ওয়াশিংটন ও আলজেরিয়ায় দুটি পরীক্ষা কেন্দ্রে ঢাকা বোর্ডের মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।